1686 I 1236 75 Rs.




Admissible under Regn Rule 21 and also u/s 5 of the West Bengal L.R. Act. 1955, duly stamped ( ~~exempted from stamp duty~~ ) under the Indian Stamp Act 1899 as amended in 1964. Schedule 1A No 23
Process Fee 1.50
Paid in C. F. S.

**Fee Paid**

A 79.50
N 50
80/-

District Sub-Registrar,
24 Parganas, Alipore.

মং ১৩০০০.০০ তের হাজার টাকা পণ মূল্যের

সাফ বিক্রয় কোবালা ।

কোবালা গ্রহীতা ঃ-

শ্রী সুধাংশু ঘোষ, পিতা
স্বর্গীয় জানকীনাথ ঘোষ,
জাতি হিন্দু, পেশা চাকুরী,
সাকিন ৮০ নং শীলপাড়া রোড
/ বড়িষা / থানা বেহালা,
জেলা ২৪ পরগণা, কলিকাতা-৮ ।

কোবালা দাতা ঃ-

শ্রী প্রদীপ্ত জ্যোতি নাগ, পিতা
স্বর্গীয় প্রফুল্ল চন্দ্র নাগ, জাতি হিন্দু
পেশা চাকুরী, সাকিন পূর্ব বড়িষা
থানা বেহালা, জেলা ২৪ পরগণা,
কলিকাতা - ৮ ।

কস্য চিরস্থায়ী হাল রিভিসন্যাল জরিপ মতে রায়ত
স্থিতিবান স্বত্বীয় জমি জমা মায় অপরিমিত সুসার জীর্ণ একতলা ইমারত মায়

No. 3253
Sold to Sudhanshu Ghosh
80 Silpara Rd
Behala 24 Pgs
75/-
Date 11/4/72 Stamp Clerk.
24-Parganas Treasury; Alipur.

SEAL OF THE REGISTRAR U/S 7(2) ALIPORE

3253 : 75/-
54 : 75/-
55 : 75/-
56 : 75/-
57 : 50/-
3258 : 2.50

352.50 + 10 RR.

Presented for Registration at 1/2 A.M./P.M. on the 4th Day of April 1972 at the Sadar Registration Office Alipore, 24 Parganas by Pradiptya Jyoti Nag Executant / Claimant or one of the Executants / Claimants or Attorney for ........ Executant / Claimant under a Power of attorney No. ........ for 19...... authenticated by the ........ Registrar [illegible]

[illegible] 11-4-72
Registrar U/S 7 (2)
Alipore, 24 Parganas

Pradiptya Jyoti Nag

Execution [illegible] by
Pradiptya Jyoti Nag
Son of Late Prafulla Ch Nag
of Purba Barisha
Thana Behala
District 24 Pgs
By Caste Hindu
By profession Service

Pradiptya Jyoti Nag

1983

Prafulla Kumar Sen
Lawyer
Alipore

Identified by
Prafulla Ku Sen
Son / Wife / Daughter of ........ Lawyer Alipore
of ........
Thana ........
District 24 Parganas
by Caste / Hindu / Muslim
by profession ........

[illegible] 11-4-72
Registrar U/S 7 (2)
Alipore, 24 Parganas

PDF Scanner ACE Scanner

75Rs.




॥ ২ ॥

Pradipta Jyoti Nag
Jana

মায় আলোক, বায়ু, বর্ত্ম সৃত্ব সহ আধুনিক বৈজ্ঞানিক সর্ব্ববিধ ইজমেন্ট রাইট দরবস্ত হক হকুকে চিরনিঃসৃত্ব সাফ বিক্রয় খোষ কোবালা পত্র মিদং কার্য্যঞ্চাগে ঃ-

নিম্নের তপশীলে বিশেষ ভাবে বর্ণিত সম্পত্তি জেলা ২৪ পরগণা, থানা বেহালা, সাউথ সুবারবন মিউনিসিপ্যাল অন্তর্গত ৮০ নং সাবেক গোদপাড়া হোল্ডিং ভুক্ত ১- ৬, ৮- ১০, ১২- ১৬ নং তৌজির মহাল ভুক্ত ৯৯৪ নংখতিয়ানের ২৮৩ নং দাগে ২.১৪ শতক বাগান জমির উপরিস্থিত মালিক দখলিকার জনৈক গোপাল লাল বন্দ্যোপাধ্যায় মহাশয়ের সৃত্ব দখলি সম্পত্তি থাকা কালে ইংরাজী ৯।৫।১৯৫৩ তারিখে উক্ত জমি সমূহ একটি বিক্রয় যোগ্য স্কীম প্লট প্রস্তুতে বিক্রয়ের জন্য মোহরত করায় জনৈকা শ্রীমতী নম্বরাণী ধর উক্ত সম্পত্তি হইতে ২৮ নং প্লট ভুক্ত /৩৸৶১১ তিন কাঠা পনের ছটাক এগার স্কোয়ার ফুট জমি জমা উক্ত গোপাল লাল বন্দ্যোপাধ্যায়ের নিকট হইতে আলিপুর সদর জয়েন্ট সাবরেজিষ্ট্রী অফিসে রেজিষ্ট্রীকৃত একবেতা সাফ কোবালা দ্বারা যাহা উক্ত অফিসের ১নং বহির, ৫৪ নং

75Rs.

पचत्तर रुपया

७५रु. भारत INDIA 75Rs

SEVENTY FIVE RUPEES



নং ১৫১ হইতে ১৫৪ নং পৃষ্ঠায় লিপিবদ্ধ ১৯৫১ সালের ২৯৭৭ নং সাফ কোবালা দলিল উল্লেখে উক্ত শ্রীমতী নন্দরাণী ধর মহাশয়কে বিক্রয় করিয়া কৃত চিহ্নিত উক্ত বিক্রয় কোবালা সংলগ্ন গ্রথিত নকসায় উক্ত স্কীমের ১২' বার ফুট প্রশস্ত রাস্তার সর্ব্ববিধ ইজমেন্ট রাইট সহ উক্ত স্কীম এর ২৮ নং প্লট ভুক্ত /৩৮৬/১১' স্কোয়ার ফুট জমি জমায় স্বত্ব দখল উক্ত নন্দরাণীর অনুকূলে পরিত্যাগ করতঃ চিরতরে উক্ত গোপাল লাল বন্দ্যোপাধ্যায় মহাশয় উহা হইতে নিঃস্বত্ব ও দখলচ্যুত হয়েন। এবং উক্ত শ্রীমতী নন্দরাণী ধর মহাশয়া তাহার বৈধ কারণে নগদ টাকার আবশ্যক হওয়ায় তাহার উক্ত খরিদা ২৮ নং প্লট ভুক্ত সমুদয় সম্পত্তি এককেতা কোবালা দ্বারা আমার পূর্ব্ববর্ত্তী বায়া আমার খুল্লতাত স্বর্গীয় পাণ্ডব চন্দ্র নাগ মহাশয়ের পুত্র পরেশ চন্দ্র নাগ মহাশয়কে এককেতা সাফ কোবালা দ্বারা উক্ত নন্দ রাণী ধর মহাশয়া তৎকালীন বাজার পরাপন্ন পণ বাহা গ্রহণে বিক্রয় করতঃ বিক্রিত জমি জমা মায় তৎসহ কমন প্যাসেজের ইজমেন্ট রাইট সহ চিরতরে নিঃস্বত্ব হইয়া

75Rs.






হইয়া আমার উক্ত খুলতাত মহাশয়ের অনুকূলে স্বত্ব দখল পরিত্যাগ করতঃ নিঃস্বত্ব ও দখলচ্যুত হয়েন। উক্ত আমার খুলতাত নামীয় খরিদা কোবালা ইংরাজী ১।৭।৫৩ তারিখে আলিপুর জয়েন্ট সাবরেজিষ্ট্রী অফিসে ১ নং বহি, ৭৪ নং ভল্যুমে ১৩২ হইতে ১৩৫ নং পাতায় লিখিত ইং ১৯৫৩ সালে ৪২৩৮ নং সাফ কোবালা দলিল উল্লেখে উক্ত অফিস রেকর্ডে লিপিবদ্ধ আছে। পরে আমার খুলতাত মহাশয় উহাতে ষোল আনা রকমে নির্ব্যূঢ় স্বত্বে স্বত্ব দখল পরিচালনে ও আমার সুপারভিসনে উহাতে একতলা ইমারত প্রস্তুতে বসবাসের দরুণ উক্ত জমি জমা সহ স্নেহ পরবশে অনুমতি দিলে আমি উক্ত জমি জমায় খুলতাত মহাশয়ের স্বার্থ সংরক্ষণের ও শাসন নিমিত্ত উহাতে আমি বসবাস করিতে থাকা কালীন আমার উক্ত খুলতাত মহাশয় আমার ব্যবহারে অত্যন্ত সন্তুষ্ট হইয়া উক্ত সম্পত্তি মায় ইমারতাদি ইত্যাদি সহ এককেতা দান পত্র দলিল আমার সম্মতি গ্রহণে আমাকে চিরতরে যথেচ্ছা ব্যবহারে ক্ষমতায় পুত্র পৌত্রাদি ওয়ারিশান ও স্থলাভিষিক্ত

25 50Rs.

पचास रुपया

५०रू. भारत INDIA 50RS

FIFTY RUPEES

॥ ৫ ॥

সুদাভিষিক্ত ব্যক্তিগণ ক্রমে হস্তান্তরের ক্ষমতা যুক্ত নির্ব্ব্যূঢ় স্বত্বে দানীয় সম্পত্তিতে নির্ব্ব্যূঢ় স্বত্বে আমাকে খাস দখলে প্রদানে চিরতরে নিঃস্বত্ব ও দখলচ্যুত হয়েন। উক্ত আমার নামীয় দান পত্র দলিল আলিপুর জয়েন্ট [illegible] সাব - রেজিষ্ট্রী অফিসে রেজিষ্ট্রী হইয়া উক্ত অফিসে ১নং বহির, ৬২ নং ভল্যুমে ৪৯ হইতে ৫২ নং পাতায় লিখিত হইয়া ইংরাজী ১৯৭১ সালের ২৬২৭ নং দান পত্র দলিল উল্লেখে উক্ত রেকর্ডে লিপিবদ্ধ আছে। কিন্তু এইরূপ চাকুরী উপলক্ষে আমাকে বাংলার বাহিরে সর্ব্বদা থাকিতে হয়, একারণ ও আপনি কোবালার গ্রহিতা আপনার নিকট হইতে দায় বশতঃ ইং ১৯৫৬ সাল হইতে ১৯৬২ সাল তক হরেক তারিখে দফায় দফায় হিসাব মোতাবিলা মতে ৮০০০.০০ আট হাজার টাকা দেনা গ্রহণ করতঃ নিজ খরচাদি পরিচালনা করিয়াছি। উক্ত টাকা পরিশোধ করিবার মত ক্ষমতা আমার নাই। এইসব কারণে উক্ত ঋণ পরিশোধ নিমিত্ত এবং অন্যান্য কারণে নগদ টাকার প্রয়োজন হওয়ায় উক্ত ইমারত সহ উপরি ও নিম্ন তপশীল বর্ণিত /৩৸/১১' তিন কাঠা

INDIA

दो रुपये पचास नये पैसे

दो रुपये पचास नये पैसे

TWO RUPEES भारत FIFTY NAYE PAISE

॥ ৬ ॥

কাঠা পনের ছটাক এগার স্কোয়ার ফুট জমি জমা মায় উক্ত জমি জমায় অবস্থিত এক কামরা যুক্ত সুপাকা বারান্দা সহ একতলা ইমারত একখানি রসুই গৃহ সেনিটারী পায়খানা একটি মায় বাথরুম সহ আফলা সুকলা বৃক্ষাদি আকর আওলাতাদি সহ উক্ত উল্লিখিত কমন প্যাসেজের সর্ব্ববিধ ইজমেন্ট রাইটসহ উক্ত জমি জমা বিক্রয়ের সোহবত করিলে আপনি অত্র কোবালা গ্রহিতা আপনার প্রাপ্য মং ৮০০০.০০ আট হাজার টাকা সহ নগদ মং ৫০০০.০০ পাঁচ হাজার টাকা লইয়া একুনে মোট ১৩০০০.০০ তের হাজার টাকা যাহা বর্ত্তমান বাজার পড়তার সর্ব্বোচ্চ মূল্য তাহা আমাকে দিয়া খরিদ করিতে ইচ্ছুক হইয়া আমার নিকট প্রকাশ ও প্রস্তাব করিলে আমি আপনার প্রস্তাবে সম্মত ও রাজি থাকিয়া আপনার নিকট দেনা ৮০০০.০০ আট হাজার টাকা বাদে নিম্নের রায় মোতাবেক ৫০০০.০০ পাঁচ হাজার টাকা নগদ গ্রহণে

10nP

दस नये पैसे भारत दस नये पैसे

TEN NAYE PAISE



REFUGEE RELIEF

Pradipta Jyoti Nag

গ্রহণে অর্থাৎ সর্ব্ব পণ মূল্য মং ১৩০০০.০০ তের হাজার টাকা আপনার নিকট হইতে গ্রহণ করতঃ আপনার নাম বরাবর আপনার ব্যয়ে অত্র সাফ বিক্রয় কোবালা দলিল লিখিয়া দিয়া স্বীকার, অঙ্গীকার, প্রকাশ, ও প্রচার করিতেছি যে, উপরি ও নিম্নের তপশীলে বিশদ ভাবে বর্ণিত সম্পত্তি সায় উক্ত ইমারতাদি সহ বৃক্ষাদি কমন প্যাসেজের ইজমেন্ট রাইট সহ যাবতীয় আকর আভ্যাতাদিতে আমার যে কোন প্রকারে স্বত্ব, স্বামিত্ব, দখল, অধিকার, লভ্যাদি, হক, হকিয়তাদি ছিল ও আছে তাহাতে আমি অদ্য হইতে সায় ওয়ারিশান ও স্থলাভিষিক্ত ব্যক্তিগণ ক্রমে অত্র কোবালা দ্বারা আপনাকে বিক্রয় করিয়া চিরতরে স্বত্বহীন ও দখলচ্যুত হইলাম, এবং উহাতে অদ্য হইতে আপনাকে নির্ব্যূঢ় স্বত্বে খাস দখল বুঝাইয়া দিলাম। আপনি অদ্য হইতে আমার সমুদয় স্বত্বে স্বত্ববান ও দখলে দখলিকার হইয়া উপরিস্থিত হাল মালিক পশ্চিম বঙ্গ রাজ্য

Indrajit Gupta
Sd/-

রাজ্য সরকার পক্ষে ২৪ পরগণা কালেক্টার বাহাদুরের সেরেস্তায় ও স্থানীয় মিউনিসিপ্যালিটীতে আমার নামের স্থলে আপনার নিজ নাম জারি করিয়া ধার্য্য খাজনা ও চলিত ট্যাক্স আদি আদায়ে আপনি মায় পুত্র পৌত্রাদি ওয়ারিশান ও স্থলাভিষিক্ত ব্যক্তিগণ ক্রমে আমার ন্যায় তুল্য ক্ষমতা পরিচালনে দান, বিক্রয়, বন্ধক , প্রভৃতি হস্তান্তর , অবস্থান্তর , ও রূপান্তরের ক্ষমতা যুক্তে নিয়ত পরম সুখে ভোগদখল করিতে থাকুন। তাহাতে কস্মিন কালেও আমি মায় পরবর্তী ওয়ারিশান ও স্থলাভিষিক্ত ব্যক্তিগণ ক্রমে কেহ কোন প্রকারে ওজর আপত্তি বা দাবী দাওয়া ভবিষ্যতে করিতে পারিব না বা পারিবে না, করিব না বা করিবে না । করিলে তাহা আইনতঃ সর্ব্বথা সর্ব্বাদালতে সর্ব্বতোভাবে অসিদ্ধ অগ্রাহ্য হইবে । অত্র সম্পত্তি ইতঃপূর্ব্বে দান, বিক্রয়, বন্ধক ইত্যাদির দ্বারা বা কোন রকম বিক্রয় বা হস্তান্তরের চুক্তি পত্র ইত্যাদি কোন কিছু করি নাই, বা হয় নাই । উহাতে কোন মামলা মোকর্দ্দমা পেণ্ডিং নাই বা কোন আদালত কর্তৃক উহা নিলাম বিক্রয় ইত্যাদি কোন কিছু হয় নাই, বা করি নাই । উহা কাহারও জামিনতিতে আবদ্ধ নাই বা কোন প্রকার রেহানাবদ্ধ ,চার্জ্জ ইত্যাদি করি নাই, বা হয় নাই, উহা আমার উত্তম বিক্রয় যোগ্য স্বত্ব বিদ্যমানে নিম্নের জায়মোতাবেক আপনার নিকট হইতে পণের সাকুল্য মং ১৩০০০'০০ তের হাজার টাকা বুঝিয়া পাইয়া তাহার প্রাপ্তি স্বীকারে আপনাকে অত্র দলিল দ্বারা তপশীল বর্ণিত সম্পত্তি মায় তংস্থিত সাজ সরঞ্জাম বারান্দা সহ একতলা এক কুঠরী ইমারত ও একটি সেনিটারী পায়খানা, একখানা রসুই গৃহ ও একটি বাথরুম ও

Pradipta Jyoti Nag

ও স্কীম প্লট যাহা পূর্ব্ব বর্ণিত উক্ত স্কীমের ১২´ বার ফুট প্রশস্ত রাস্তার আধুনিক বৈজ্ঞানিক সমস্ত ইজমেন্ট রাইটে ও সর্ব্ববিধ আব্রু আওতাতাদিতে অত্র আপনাকে অদ্য হইতে দখল বুঝাইয়া দিয়া বিক্রয় করিলাম। ভবিষ্যতে আমার উপরি উক্ত উক্তি সমূহে বৈপরিত্য প্রকাশে বা আমার কোন কৃত কার্য্যের জন্য বিক্রিত তপশীল বর্ণিত সম্পত্তি আপনার ভোগদখলের পক্ষে কোন বাধা বিঘ্ন ঘটে বা অন্যায় তাহা হইলে আমি মায় ওয়ারিশান ও স্থলাভিষিক্ত ব্যক্তিগণ ক্রমে অত্র কোবালা মূলে আমাকে দিয়ত পণের বাবদ ১৩০০০.০০ তের হাজার টাকা সহ বাবেদা বেবাবেদা ক্ষতি খরচার টাকা সহ মাফিক আইন আমলে আসিব।

আরও প্রকাশ থাকে যে, অত্র দলিলের বর্ণনায় ভবিষ্যতে কোন ভুল ভ্রান্তি প্রকাশ পায় লিখিত সম্পত্তির সত্ত্বে কোন ন্যূনতা বা হীনতা প্রকাশ পাইলে তাহা সুদৃঢ় করিতে অত্র দলিল পোষকে এক বা একাধিক পোষক বা সংশোধিত দলিল করিবার আবশ্যক হইলে তাহা আপনি মায় ওয়ারিশান ও স্থলাভিষিক্ত ব্যক্তিগণ ক্রমে তলবে ও আপনার খরচায় আমি মায় ওয়ারিশান ও স্থলাভিষিক্ত ব্যক্তিগণ ক্রমে ঐরূপ পোষক বা সংশোধিত দলিল বেওজর বিনা পণে সম্পাদন ও রেজিষ্ট্রী করিয়া দিতে বাধ্য থাকিল ও থাকিলাম। পূর্ব্ব বর্ণিত দলিল গুলি ও এতদ সংক্রান্ত কাগজ পত্রাদি আপনাকে দিয়া দিলাম।

এতদর্থে সুস্থ শরীরে স্বেচ্ছায় সরল অন্তঃকরণে অন্যের বিনানুরোধে বা বিনা প্ররোচনায় অত্র দলিল সুরু হইতে শেষ পর্য্যন্ত পাঠ করিয়া মর্ম্ম ও ফলাফল সবিশেষ বুঝিয়া নিজ হিতার্থে ও প্রয়োজনে আপন খুসীতে সম্পাদন

সম্পাদন করিলাম। ইতি সন ১৩৭৮ সালের ২৮ শে চৈত্র, ইংরাজী সন ১৯৭২ সালের ১১ ই এপ্রিল।

## তপশীল বিক্রিত সম্পত্তির পরিচয় ঃ-

জেলা ২৪ পরগণা, থানা বেহালার অন্তর্গত মৌজে পূর্ব্ব বড়িশা গ্রামে গত জেলা জরিপে জেঃ এলঃ নং ২৩, রেঃ সাঃ নং ৩২, সাবরেজিষ্ট্রী আলিপুর, সাউথ সুবারবন মিউনিসিপ্যালিটীর ৮০ নং গোদপাড়া হোল্ডিং ভুক্ত ১- ৬, ৮- ১০, ১২- ১৬ নং তৌজির মহাল ভুক্ত ৯৯৪ নং খতিয়ানের ২৮৩ দুইশত তিরাশী নং দাগ ভুক্ত ২.১৪ শতক জমি যাহা শ্রী গোপাল লাল বন্দ্যোপাধ্যায় কর্তৃক স্কীম প্লট ভুক্ত ২৮ নং প্লটে ৩৸৶১১' তিন কাঠা পনের ছটাক এগার স্কোয়ার ফুট জমি জমা যাহার উপরিস্থিত মালিক বর্ত্তমান পশ্চিম বঙ্গ রাজ্য সরকার পক্ষে জেলা ২৪ পরগণা কালেক্টার বাহাদুর হইতেছেন, উক্ত প্লট সংলগ্ন ১২' বার ফুট প্রশস্ত কমন প্যাসেজের সর্ব্ববিধ আধুনিক বৈজ্ঞানিক সম্মত সর্ব্ববিধ ইজমেন্ট রাইট সহ উক্ত জমির একাংশে অবস্থিত পাকা এক কুঠরী বিশিষ্ট একতল ইমারত একখানা রসুই গৃহ, একটি সেনিটারী পায়খানা, এবং ইমারতের বারান্দা, বাথরুম ইত্যাদি সায় আল্লা সুল্লা বৃক্ষাদি আকর আওলাত আদি যাবতীয় ইলেকট্রিক, গ্যাস লাইন ইত্যাদি আনিবার ক্ষমতা সহ বিক্রিত সম্পত্তি হইতেছে। ষোল আনার জমার বার্ষিক খাজনা ১৫.৫০ পয়সা।

## বিক্রিত জমির চৌহদ্দি ঃ-

Pradipta Jyoti Nag

## বিক্রিত জমির চৌহদ্দি ঃ-

উত্তর ঃ- উল্লিখিত স্কীমের ২২৭ নং দাগের জমি।

পূর্ব্ব ঃ- উক্ত স্কীমের ২৭ নং প্লট।

দক্ষিণ ঃ- ১২' বার ফুট প্রশস্ত কমন প্যাসেজ।

পশ্চিম ঃ- উক্ত স্কীমের ২৯ নং প্লট।

## পণের টাকার জমা ঃ-

ইং ১৯৫৬ হইতে ১৯৬২ সাল তক আপনার নিকট হইতে হরেক তারিখে কর্জ্জ স্বরূপ দফায় দফায় লওয়া - ৮০০০.০০ টাকা

নিম্ন রোক -

১০০.০০ একশত টাকার নোট হিসাবে ৫০ কেতা - - ৫০০০.০০ টাকা

মোট - ১৩০০০.০০ টাকা মাত্র,

মবলগে তের হাজার টাকা বুঝিয়া পাইলাম।

Pradipta Jyoti Nag.

ইসাদী ঃ-

Kalipada Bose
Alipore

Harapada Ghosh
Alipore

Prafulla Kumar Sen
Lawyer Alipore

টাইপকারক ঃ-
শ্রীগোবিন্দ মোহন [illegible]
আলিপুর পুলিশ কোর্ট।

Book I

Volume No. 38

Pages 81 to 87

Being No. 1236

For the Year 1972

3/11/74

SEAL OF THE REGISTRAR U/S 7(2) ALIPORE

৭(২) ধারা মতে নিবন্ধকের মোহর আলিপুর

11-4-72

Registrar U/S 7 (2)
Alipore, 24 Parganas

SEAL OF THE REGISTRAR U/S 7(2) ALIPORE

৭(২) ধারা মতে নিবন্ধকের মোহর আলিপুর

Registrar U/S 7 (2)
Alipore, 24 Parganas

15. 4. 72